



স্মারক নং-চাঁবিপ্রবি/গুচ্ছ ভর্তি/২০২২-২৩/৫২

তারিখঃ ১০/০৯/২০২৩ ইং

চূড়ান্ত ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০২২ - ২০২৩ শিক্ষাবর্ষে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের ওয়েবসাইট www.admission.cstu.ac.bd-এ আগামী ১১/০৯/২০২৩ তারিখ সকাল ১১:০০ টা হতে ১৩/০৯/২০২৩ তারিখ রাত ১১:৫৯টার মধ্যে অনলাইনে নির্ধারিত ভর্তি ফি প্রদান করে চূড়ান্ত ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। পরবর্তীতে ১২/০৯/২০২৩ হতে ১৪/০৯/২০২৩ তারিখ সকাল ১০:০০টা হতে বিকাল ৪:০০টার মধ্যে বিশ্ববিদ্যালয়ের চাঁদপুরস্থ অস্থায়ী ক্যাম্পাস: হোল্ডিং নং: ০৯৩৭-০২, খলিশাড়ুলি, ওয়াপদা গেইট, কুমিল্লা রোড, চাঁদপুর সদর, চাঁদপুর-৩৬০০-এ স্ব-স্ব বিভাগে (সিএসই কক্ষ নং-৩০১, আইসিটি কক্ষ নং-২০১ বিবিএ কক্ষ নং-২০৬)-এ সশরীরে উপস্থিত হয়ে নিম্নে উল্লেখিত প্রয়োজনীয় কাগজপত্রাদি জমা প্রদান করার জন্য বলা হলো।

কেন্দ্রীয়ভাবে আদায়যোগ্য এককালীন ভর্তি ফি

বিভাগ	মোট ভর্তি ফি	জমাকৃত ভর্তি ফি	অবশিষ্ট ভর্তি ফি
CSE	১৫,৮৯৫/-	৫,০০০/-	১০,৮৯৫/-
ICT	১৫,৮৯৫/-	৫,০০০/-	১০,৮৯৫/-
BBA	১৫,৮৯৫/-	৫,০০০/-	১০,৮৯৫/-

- ❖ ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীকে Nagad বা bKash বা Rocket বা Sure Cash মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে অবশিষ্ট ভর্তি ফি জমা প্রদান করতে হবে।
- ❖ শিক্ষার্থীকে ভর্তির জন্য নিম্নবর্ণিত সনদপত্র ও কাগজপত্রাদি জমা করতে হবে:
 - (ক) GST গুচ্ছ ভর্তি পরীক্ষার প্রত্যবেক্ষক (Invigilator) কর্তৃক স্বাক্ষরিত Admit Card;
 - (খ) অনলাইন হতে প্রিন্টকৃত ভর্তি ফরম ও সদ্যতোলা পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি রঙিন ছবি;
 - (গ) SSC/সমমান পরীক্ষার মূল সনদপত্র ও নম্বরপত্র এবং প্রতিটির একটি করে সত্যায়িত ফটোকপি;
 - (ঘ) HSC/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ড এবং প্রতিটির একটি করে সত্যায়িত ফটোকপি;



❖ কোটার ভর্তির জন্য নিম্নবর্ণিত সনদপত্র ও কাগজপত্রাদি জমা করতে হবে:

- (১) GST গুচ্ছ ভর্তি পরীক্ষার প্রত্যবেক্ষক (Invigilator) কর্তৃক স্বাক্ষরিত Admit Card;
- (২) অনলাইন হতে প্রিন্টকৃত ভর্তি ফরম ও সদ্যতোলা পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি রঙিন ছবি;
- (৩) SSC/সমমান পরীক্ষার মূল সনদপত্র ও নম্বরপত্র এবং প্রতিটির একটি করে সত্যায়িত ফটোকপি;
- (৪) HSC/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ড এবং প্রতিটির একটি করে সত্যায়িত ফটোকপি;
- (৫) মুক্তিযোদ্ধার মূল সনদপত্রের একটি সত্যায়িত ফটোকপি;
- (৬) মুক্তিযোদ্ধার সাথে সম্পর্কের প্রামাণিক কাগজপত্র (যেমন: ইউনিয়ন পরিষদ/সিটি কর্পোরেশন/উপজেলা পরিষদ/জেলা পরিষদ কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট)। এটি কেবল মুক্তিযোদ্ধার সন্তানের সন্তানদের ক্ষেত্রে প্রযোজ্য;
- (৭) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/উপজাতি কোটার ক্ষেত্রে স্ব-স্ব উপজাতি প্রধান/উপজেলা নির্বাহী কর্মকর্তা/জেলা প্রশাসকের সনদপত্রের একটি সত্যায়িত ফটোকপি;

বি.দ্র. : যাচাই-বাছাইয়ের যেকোন পর্যায়ে যদি কোন সনদপত্র বা অন্য কোন কাগজপত্রের জালিয়াতি/অসত্য প্রমাণিত হয় তাহলে সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীর ভর্তি বাতিল হবে এবং তার বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় ও দেশের প্রচলিত বিধি অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিশেষ শর্তাবলীঃ শিক্ষার্থীদের প্রদত্ত তথ্যাবলীতে কোনো অসংগতি পরিলক্ষিত হলে ভর্তি/প্রার্থিতা বাতিল করা হবে। ফলাফলের যেকোনো ভুলত্রুটি পরিলক্ষিত হলে কর্তৃপক্ষ তা সংশোধন/বাতিল করতে পারবেন।

ভর্তি পদ্ধতি সংক্রান্ত বিস্তারিত সকল তথ্য যথাক্রমে www.cstu.ac.bd ও www.admission.cstu.ac.bd -এ পাওয়া যাবে।

হেল্পলাইন:

ফোন: +৮৮০-২-৪১০৯০৭৭১, মোবাইল: ০১৭১৪-৯১০১০২

ই-মেইল: admission@cstu.ac.bd

প্রকৌশলী মেজর মোঃ আবদুল হাই (অবঃ)

রেজিস্ট্রার

চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, চাঁবিপ্রবি।
- ২। পিএস টু ভিসি (সহকারী রেজিস্ট্রার), উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য, চাঁবিপ্রবি।
- ৩। অফিস কপি।